

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উপজেলা পরিষদ
পবা হরিয়ান ইউনিয়ন

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৪৪.২০১৭ ১৬৯৭

তাং ১৫-০৬-২০১৭ খ্রিঃ

বিষয় : রীট পিটিশন নং ২৩০২/২০১৬ মোকদ্দমার সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : উপজেলা-১ শাখার ইউ,ও,নোট নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৭৯.২০১২-৬৮০ তাং- ২৫ মে, ২০১৭ খ্রিঃ।

রাজশাহী জেলার পবা উপজেলার হরিয়ান ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে দায়েরকৃত রীট পিটিশন নং ২৩০২/২০১৬ এর স্থগিতাদেশ থাকায় পবা উপজেলা পরিষদ চেয়ারম্যান পদে অদ্যাবধি নির্বাচন অনুষ্ঠিত হয়নি। মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৩০২/২০১৬ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকেটকরণ এবং মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য ইতোমধ্যে এ বিভাগের ২০-০৬-২০১৬ তারিখের ২৬৯৮নং স্মারকমূলে তাঁকে দায়িত্ব প্রদান করা হয়েছে

০২। এমতাবস্থায়, রাজশাহী জেলার পবা উপজেলার হরিয়ান ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে দায়েরকৃত রীট পিটিশন নং ২৩০২/২০১৬ এর সর্বশেষ অবস্থা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ -----ফর্দ।


১৫.৬.১৭
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯৫

শেখ শফিক মাহমুদ পুষ্প
প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। উপসচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ
- ০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অফিস কপি/মাষ্টার কপি।